দর্শনায় পৃথক পৃথক ভাবে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গার দর্শনায় পৃথক পৃথক ভাবে সারাদেশের ন্যায় দীর্ঘ ১৬ বছর পর ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্যে দিয়ে বণ্যট্য আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে যুবদলের দর্শনা পৌর শাখার আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্তর থেকে র্যালিটি শুরু হয়ে দর্শনা রেলবাজার শাহিরিয়ার হোসেন ও মুগ্ধ মঞ্চে এসে শেষ হয়। এরপর যুবদলের সভাপতি ফারুক হোসেনের সভাপতিত্বে প্রতিবার্ষীকীর আলোচনা সভা শুরু হয়।

এ আলোচনা সভায় বক্তব্য রাখেন,দর্শনা পৌর শাখার সিনিয়ার সহ সভাপতি ও প্রধান সমন্বয়ক অনুষ্ঠানের প্রধান অতিথি হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিক দলের সাধারন সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর সাবেক সাংগঠনিক সম্পাদক সমন্বয় কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয় কমিটির সদস্য শরীফ উদ্দীন, বিএনপির সমন্বয় কমিটির সদস্য, মশিউর রহমান, নাসির উদ্দীন খেদু, সমন্বয় কমিটির সদস্য মাহবুবুল রহমান খোকন,সদস্য লুৎফর রহমান, রেজাউল ইসলাম, মমিনুল ইসলাম, যুবদলের যুগ্ন আহবায়ক মোস্তাফিজুর রহমান মোহন, রকিবুল হোসেন ব্রাইট, নাসির উদ্দীন খান হাসু, আরুক, মাহাবুল, মোর্শেদ লিংকন, আশিক, দর্শনা পৌর ছাত্রদলের আহবায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহম্মেদ, দর্শনা পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক আব্দুল মান্নান, সদস্য সচিব রাশেদ আহম্মেদ, আলতাফ হোসেন, আব্দুস ছাত্তার, অনুষ্ঠানটি পরিচালনা করেন,দর্শনা যুবদলের সাধারন সম্পাদক জালাল উদ্দীন ও দর্শনা পৌর যুবদলের যুগ্ন আহবায়ক জাহান আলী।

অপরদিকে বিকাল সাড়ে ৪ টার দিকে সমন্বয় কমিটির সদস্য খন্দকার শওকত আলী, এনামৃল হক শাহা মুকুল ও ইকবাল হোসেনের নেতৃত্বে দর্শনা রেল

ইয়ার্ড থেকে বণ্যঢ্য র্যালি বের হয়।

র্যালিটি দর্শনার প্রধান সড়ক প্রদক্ষিন করে দর্শনা বাসষ্ট্যান্ড এলাকায় আলোচনাসভা অনুষ্টিত হয়।

এ আলোচনা সভায় দর্শনা থানার সিনিয়ার যুগ্ন আহবায়ক ওয়াজেদুল হক টুটুলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি নেতা হাজী খন্দকার শওকত আলী, সমন্বয় কমিটির সদস্য এনামৃল হক শাহা মুকুল, ইকবাল হোসেন,হাবিবুল্লা, ছাত্রদলের সদস্য সচিব আবদুল্লা আল মামুন, ছাত্রদলের যুগ্ন আহবায়ক রাসেল উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠান শেষে দর্শনা পুরাতন বাজারে কেকে কেটে যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকীর সমাপ্ত ঘোষনা করে।